দৈনিক বাংলা

তারিখ 02 JUN 1987
পৃষ্ঠা ৭ কলাম ১

১৮ই জ্যৈষ্ঠ ১৩৯৪

037

# শিক্ষা অনুদান সুষম হারে বন্টন করা হবে ঃ সারোয়ার

কক্সবাজার, ৩১শে মে।— শিক্ষা উপমন্ত্রী জনাব গোলাম সারোয়ার বলেন, সরকারের ব্যাপক শিক্ষা কর্মকান্ডের সাফল্য দেশের প্রত্যন্ত অঞ্চলে পৌঁছে দেয়ার জন্যে সংশ্লিষ্ট কর্মকর্তাদের কঠোর পরিশ্রম করতে হবে।

তিনি আজ এখানে রামু উচ্চ বালিকা বিদ্যালয়ে এক ছাত্র-শিক্ষক-সুধী সমাবেশে প্রধান অতিথি হিসেবে ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাপক প্রসারের মাধ্যমে নয় বরং ছাত্র-শিক্ষক-এর যৌক্তিক অনুপাতের দ্বারাই শিক্ষার মানোন্নয়ন ঘটাতে হবে।

তিনি বলেন, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত অনুদান ও উন্নয়ন কর্মসূচী সুষম হারে সারা দেশে বন্টন করার ব্যাপারে সরকার বদ্ধপরিকর।

রামু উপজেলা চেয়ারম্যান এডভোকেট জনাব আবদুল মনসুর চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা রাখেন রামু কক্সবাজার এলাকার সংসদ সদস্য জনাব দিদারুল আলম চৌধুরী। খবর তথ্য বিবরণীর।